গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ৯৩/২০১৮-১৯
ঢাকা, বৃহস্পতিবার ৮ নভেম্বর ২০১৮, ২৪ কার্তিক ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। রাষ্ট্রপতির কাছে বাংলাদেশে ৮টি দেশের নবনিযুক্ত রাষ্ট্রদূত ও হাইকমিশনারের পরিচয়পত্র পেশ

২। একনেকে ৩০ হাজার কোটি টাকার ২৮ প্রকল্প অনুমোদন

৩। যারাই ক্ষমতায় আসুক, উন্নয়নের ধারা যেন অব্যাহত থাকে : প্রধানমন্ত্রী

৪। নির্বাচন সুষ্ঠু হবে, সবাই অংশগ্রহণ করুন : জাতীয় ঐক্যফ্রন্টের সাথে দ্বিতীয় দফা সংলাপে প্রধানমন্ত্রী

৫। প্রধানমন্ত্রীর সংবাদসম্মেলন স্থগিত

৬। প্রধানমন্ত্রীর সঙ্গে সাফ ফুটবল বিজয়ীদের আজ সাক্ষাৎ

৭। একাদশ জাতীয় সংসদ নির্বাচনের আজ তফসিল ঘোষণা :
সন্ধ্যা ৭টায় জাতির উদ্দেশে ভাষণ দিবেন সিইসি

৮। ক্যান্সার রোগীদের উন্নত চিকিৎসার জন্য আর বিদেশে যেতে হবে না : স্বাস্থ্যমন্ত্রী

৯। সংলাপের নামে কালক্ষেপণ করতে চাইছে একটি মহল : তথ্যমন্ত্রী

১০। নির্বাচনের কারণে এবার বিজয় দিবসের প্যারেড স্থগিত : স্বরাষ্ট্রমন্ত্রী

১১। হাওর এলাকার দরিদ্র নারীদের কর্মসংস্থান সৃষ্টি করেছে সরকার : মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী

১২। প্রজ্ঞাপন না হওয়া পর্যন্ত দায়িত্বে থাকবেন চার টেকনোক্র্যাট মন্ত্রী

১৩। উখিয়া সীমান্তে গুলির ঘটনায় মিয়ানমারের রাষ্ট্রদূতকে তলব

১৪। গ্রামীণ সড়ক উন্নয়নে এডিবি'র ২০ কোটি মার্কিন ডলার ঋণ

চলমান পাতা-২

১। **রাষ্ট্রপতির কাছে বাংলাদেশে ৮টি দেশের রাষ্ট্রদূত ও হাইকমিশনারের পরিচয়পত্র পেশ**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এর কাছে গতকাল (৭ নভেম্বর বুধবার) বঙ্গভবনে ৮টি দেশের রাষ্ট্রদূত এবং হাইকমিশনার পৃথকভাবে তাঁদের পরিচয়পত্র পেশ করেন। তাঁদের মধ্যে ডেনমার্ক ও ইরানের আবাসিক দূত এবং অস্ট্রিয়া, স্লোভাক প্রজাতন্ত্র, উগান্ডা, পোল্যান্ড, ঘানা ও কাজাখস্তানের অনাবাসিক দূত রয়েছেন। রাষ্ট্রপতি তাঁদের বাংলাদেশে স্বাগত জানান এবং তাঁদের দায়িত্ব পালনের মেয়াদে নিজ নিজ দেশের সঙ্গে বাংলাদেশের দ্বিপাক্ষিক সম্পর্ক আরো সম্প্রসারিত হবে বলে আশাপ্রকাশ করেন। সূত্র-**নিউজ টুডে** (পৃ.২,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

২। **একনেকে ৩০ হাজার কোটি টাকার ২৮ প্রকল্প অনুমোদন**

জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় ২৮টি প্রকল্প অনুমোদন পেয়েছে। এসব প্রকল্প বাস্তবায়নে প্রাথমিকভাবে ৩০ হাজার ২৩৫ কোটি টাকা ব্যয় ধরা হয়েছে। এর মধ্যে সরকারের তহবিল থেকে প্রকল্পগুলোতে ২৪ হাজার ৮৫৫ কোটি টাকা বরাদ্দ দেওয়া হয়েছে। দাতাদের থেকে ঋণ ও অনুদান হিসেবে আসবে ৪ হাজার ৮৪১ কোটি টাকা। সংশ্লিষ্ট সংস্থার অর্থায়ন থাকছে ৫৩৯ কোটি টাকা। এ নিয়ে বর্তমান সরকারের দুই মেয়াদে এক হাজার ৩৯০টি প্রকল্প অনুমোদন পেল। গতকাল (৭ নভেম্বর বুধবার) রাজধানীর আগারগাঁওয়ের এনইসি সম্মেলনকক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে একনেক সভা অনুষ্ঠিত হয়। গতকালের একনেকে অনুমোদন পাওয়া প্রকল্পগুলোর মধ্যে নেত্রকোনায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্ববিদ্যালয় রয়েছে। প্রকল্পটি বাস্তবায়নে ২ হাজার ৬৩৭ কোটি টাকা ব্যয় হবে। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৬), **সংবাদ** (শেষ পৃ,ক.৩), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.২)।

৩। **যারাই ক্ষমতায় আসুক, উন্নয়নের ধারা যেন অব্যাহত থাকে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আগামী নির্বাচনে জনগণ ভোট দিলে পুনরায় সরকার গঠন করবো, আর না দিলে আফসোস নেই। তবে যারাই ক্ষমতায় আসুক, উন্নয়নের ধারা যেন অব্যাহত রাখে। গতকাল (৭ নভেম্বর বুধবার) গণভবনে ২৫টি রাজনৈতিক দলজোটের সঙ্গে সংলাপে সূচনা বক্তৃতায় প্রধানমন্ত্রী আরো বলেন, সরকারের ধারাবাহিকতা থাকায় উন্নয়ন সম্ভব হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **যুগান্তর** (পৃ.৩,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৪। **নির্বাচন সুষ্ঠু হবে, সবাই অংশগ্রহণ করুন : জাতীয় ঐক্যফ্রন্টের সাথে দ্বিতীয় দফা সংলাপে প্রধানমন্ত্রী**

আগামী একাদশ জাতীয় সংসদ নির্বাচন নিয়ে রাজনৈতিক জোট ও দলগুলোর সঙ্গে সরকারের সপ্তাহব্যাপী সংলাপ গতকাল (৭ নভেম্বর বুধবার) শেষ হয়েছে। শেষ দিনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে দ্বিতীয় দফায় সংলাপে বসেন জাতীয় ঐক্যফ্রন্টের শীর্ষ নেতৃবৃন্দ। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সংলাপে সুষ্ঠু নির্বাচনের ব্যাপারে ঐক্যফ্রন্টকে আশ্বস্ত করে বলেন, আগামী নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ হবে। আপনারা সবাই অংশগ্রহণ করে জনগণের রায় গ্রহণ করুন। জনগণ যাকে ভোট দেবে সেই বিজয়ী হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

৫। **প্রধানমন্ত্রীর সংবাদসম্মেলন স্থগিত**

সংলাপ নিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডাকা আজকের সংবাদসম্মেলন স্থগিত করা হয়েছে। বিভিন্ন রাজনৈতিক দল ও জোটের সঙ্গে সরকারি দল আওয়ামী লীগের সংলাপ শেষে গুরুত্বপূর্ণ এ সংবাদসম্মেলন অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। গতকাল (৭ নভেম্বর বুধবার) সংবাদসম্মেলন স্থগিতের কথা জানানো হয়। আওয়ামী লীগের পক্ষ থেকে এ তথ্য জানান সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **যুগান্তর** (শেষ পৃ,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৮)।

৬। **প্রধানমন্ত্রীর সঙ্গে সাফ ফুটবল বিজয়ীদের আজ সাক্ষাৎ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (৮ নভেম্বর বৃহস্পতিবার) গণভবনে সাফ ফুটবল জয়ী অনূর্ধ্ব-১৫ দলের খেলোয়াড় ও কর্মকর্তাদের ডেকেছেন। গত ১ নভেম্বর বৃহস্পতিবার সাফ ফুটবলে অনূর্ধ্ব-১৫ দল ফাইনালে পাকিস্তানকে টাইব্রেকারে ৩-২ গোলে হারিয়ে শিরোপা জিতে বাংলাদেশ। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (পৃ.৮,ক.১)।

৭। **একাদশ জাতীয় সংসদ নির্বাচনের আজ তফসিল ঘোষণা :**
সন্ধ্যা ৭টায় জাতির উদ্দেশে ভাষণ দিবেন সিইসি

একাদশ জাতীয় সংসদ নির্বাচনের আনুষ্ঠানিক যাত্রা শুরু হচ্ছে আজ। আজ (৮ নভেম্বর বৃহস্পতিবার) সন্ধ্যা সাতটায় জাতির উদ্দেশে ভাষণে নির্বাচনের তফসিল ঘোষণা করবেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদা। বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারে একযোগে সিইসি'র এ ভাষণ প্রচারিত হবে। রাজনৈতিক শক্তিগুলোর মধ্যে বিবদমান পরিবেশেই তফসিল ঘোষণার জন্য শতভাগ প্রস্তুতি সম্পন্ন করেছে নির্বাচন কমিশন (ইসি)। এর আগে সকালে সিইসি'র সভাপতিত্বে কমিশন সভায় মনোনয়নপত্র জমা, বাছাই, প্রত্যাহারের দিনক্ষণসহ তফসিলের বিস্তারিত চূড়ান্ত করা হবে। তফসিল ঘোষণার পরই নির্বাচনপূর্ব সময় শুরু হয়ে যাবে।

সভাসমাবেশসহ সব ধরনের নির্বাচনি প্রচারের বিষয়টি ইসির নিয়ন্ত্রণে আসবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৪), **নিউজ টুডে** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২)।

৮। ক্যান্সার রোগীদের উন্নত চিকিৎসার জন্য আর বিদেশে যেতে হবে না : স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঘোষণা ও নির্দেশনা অনুযায়ী দেশে উন্নত চিকিৎসা নিশ্চিত করতে সরকার ঢাকায় সুপার স্পেশালাইজড ক্যান্সার হাসপাতাল নির্মাণের উদ্যোগ নিচ্ছে। এ হাসপাতাল চালু হলে সাধারণ মানুষ দেশে বসেই সাশ্রয়ী মূল্যে বিশ্বমানের চিকিৎসা পাবে। ক্যান্সার রোগীদের উন্নত চিকিৎসার জন্য আর বিদেশে যেতে হবে না। এ সময় তিনি এ হাসপাতালের নাম 'বঙ্গবন্ধু সুপার স্পেশালাইজড ক্যান্সার হাসপাতাল' রাখার প্রস্তাব করেন। গতকাল (৭ নভেম্বর বুধবার) সচিবালয়ে স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত এক হাজার শয্যাবিশিষ্ট সুপার স্পেশালাইজড হাসপাতাল স্থাপনসংক্রান্ত সভায় সভাপতিত্বকালে স্বাস্থ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)।

৯। সংলাপের নামে কালক্ষেপণ করতে চাইছে একটি মহল : তথ্যমন্ত্রী

দেশ এখন গণতন্ত্র ও সংবিধানের পথে যাচ্ছে। যাত্রা পথে যাতে হোঁচট না খেতে হয় সে জন্য যথাসময়ে নির্বাচন হতে হবে। কিন্তু একটি মহল সংলাপের নামে রাজনৈতিক চাল চেলে কালক্ষেপণ করতে চাইছে বলে মন্তব্য করেছেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। গতকাল (৭ নভেম্বর বুধবার) সিপাহী জনতার গণঅভ্যুত্থান দিবস উপলক্ষে জাসদ আয়োজিত আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন । সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১১,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৫)।

১০। নির্বাচনের কারণে এবার বিজয় দিবসের প্যারেড স্থগিত : স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, আসন্ন একাদশ জাতীয় সংসদ নির্বাচনের কারণে এবারের বিজয় দিবসের (১৬ ডিসেম্বর) প্যারেড স্থগিত করা হয়েছে। গতকাল (৭ নভেম্বর বুধবার) সচিবালয়ে মহান বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষে সার্বিক আইনশৃঙ্খলা সংক্রান্ত সভাশেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। বিজয় দিবসে নিরাপত্তা জোরদার থাকবে বলে মন্ত্রী উল্লেখ করেন। বিজয় দিবস সার্বিকভাবে প্রতিবছর যা হয় তাই হবে বলে তিনি জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১৪,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৬), **নিউ নেশন** (পৃ.৩,ক.৬)।

১১। হাওর এলাকার দরিদ্র নারীদের কর্মসংস্থান সৃষ্টি করেছে সরকার : মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী

মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি বলেছেন, হাওর এলাকার হতদরিদ্র নারীদের কর্মসংস্থান সৃষ্টি করার জন্য 'হাওর এলাকার সুবিধাবঞ্চিত নারীর অর্থনৈতিক ও সামাজিক ক্ষমতায়নের জন্য আয় ও কর্মসংস্থান কর্মসূচি' গ্রহণ করেছে সরকার। হাওর এলাকার সুবিধাবঞ্চিত নারীদের আয় ও কর্মসংস্থান বৃদ্ধির মাধ্যমে তাদের জীবনমান উন্নয়নে ভাসমান বীজতলা ও বিষমুক্ত সবজি চাষ প্রশিক্ষণ, হাঁস প্রতিপালন প্রশিক্ষণ প্রদান করে নারী-পুরুষ বৈষম্যহীন পরিবেশ সৃষ্টির মাধ্যমে নারীর অর্থনৈতিক ও সামাজিক ক্ষমতায়নে এ কর্মসূচি ভূমিকা রাখবে। গতকাল (৭ নভেম্বর বুধবার) মহিলাবিষয়ক অধিদপ্তরের মিলনায়তনে 'হাওর এলাকার সুবিধাবঞ্চিত নারীর অর্থনৈতিক ও সামাজিক ক্ষমতায়নের জন্য আয় ও কর্মসংস্থান কর্মসূচি'র উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **ভোরের কাগজ** (পৃ.২,ক.১)।

১২। প্রজ্ঞাপন না হওয়া পর্যন্ত দায়িত্বে থাকবেন চার টেকনোক্র্যাট মন্ত্রী

প্রজ্ঞাপন জারি না হওয়া পর্যন্ত পদত্যাগপত্র জমা দেওয়া চার টেকনোক্র্যাট মন্ত্রীকে দায়িত্ব পালনের পরামর্শ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। পদত্যাগপত্র জমা দেওয়া টেকনোক্র্যাট মন্ত্রীরা গতকাল (৭ নভেম্বর বুধবার) প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর বাসভবন গণভবনে দেখা করতে গেলে তিনি এ নির্দেশনা দেন। গত ৬ নভেম্বর মঙ্গলবার মন্ত্রিসভার বৈঠকেশেষে প্রধানমন্ত্রী চার টেকনোক্র্যাট মন্ত্রীকে পদত্যাগ করার নির্দেশ দেন এবং সন্ধ্যায় তারা পদত্যাগপত্র জমা দেন। প্রধানমন্ত্রী আনুষ্ঠানিকভাবে এখনও সে পদত্যাগপত্রগুলো গ্রহণ করেননি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **সংবাদ** (পৃ.১,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.৮), **নিউ নেশন** (শেষ পৃ,ক.২)।

১৩। উখিয়া সীমান্তে গুলির ঘটনায় মিয়ানমারের রাষ্ট্রদূতকে তলব

উখিয়া সীমান্তে গুলির ঘটনায় ঢাকায় নিযুক্ত মিয়ানমারের রাষ্ট্রদূত লুইন উ-কে তলব করেছে পররাষ্ট্র মন্ত্রণালয়। গতকাল (৭ নভেম্বর বুধবার) বাংলাদেশ এ বিষয়ে কড়া প্রতিবাদ জানিয়েছে। তবে বরাবরের মতো ঘটনার দায় অস্বীকার করেছে মিয়ানমার। গত ৪ নভেম্বর রোববার বাংলাদেশ-মিয়ানমার সীমান্তে উখিয়ার রহমতের বিল এলাকায় গুলি চালায় মিয়ানমার বর্ডার গার্ড পুলিশ (বিজিপি)। ঐ দিন তিন দফায় ৪১ রাউন্ড গুলি চালায় বিজিপি। ঐ ঘটনায় বাংলাদেশি ও রোহিঙ্গা দুই যুবক আহত হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৫), **নিউ নেশন** (পৃ.১,ক.৭)।

১৪। গ্রামীণ সড়ক উন্নয়নে এডিবি'র ২০ কোটি মার্কিন ডলার ঋণ

দেশের গ্রামীণ সড়ক উন্নয়নে ২০ কোটি মার্কিন ডলার ঋণ দিচ্ছে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। উন্নয়ন সহযোগী সংস্থাটির পর্ষদে গত ৬ নভেম্বর মঙ্গলবার এ ঋণের অনুমোদন দেওয়া হয়েছে। এ অর্থায়নের মাধ্যমে দেশের ৩৪ জেলার এক হাজার ৭০০ কিলোমিটার সড়কের উন্নয়ন করা হবে। গত বছর বন্যায় বিভিন্ন এলাকার

ক্ষতিগ্রস্ত সড়ক উন্নয়ন করা হবে এ প্রকল্পের আওতায়। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৮), **যুগান্তর** (পৃ.১৫,ক.৬), **ডেইলি সান** (পৃ.৩,ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** বাম কিডনিতে ইনফেকশন নিয়ে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার পর এক মধ্যবয়সী নারীর অপারেশন করে উভয় কিডনি ফেলে দেওয়ার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে এ ধরনের ঘটনার জন্য দায়ী চিকিৎসকদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

খ. **সমকাল :** দেশে যতসংখ্যক মানুষের মৃত্যু হয় তার ৬৭ শতাংশই অসংক্রামক রোগের কারণে-পরিবেশ বাঁচাও আন্দোলনের এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

গ. **ইনকিলাব, যায়যায়দিন, ভোরের কাগজ :** ওয়াসার পানির মান যাচাই করে রিপোর্ট জমা দিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি হাইকোর্টের রুল জারি করাকে ইতিবাচক উল্লেখ করে নিরাপদ পানির জন্য ওয়াসার পানি পরিশোধন ও সরবরাহ লাইনকে ত্রুটিমুক্ত রাখার ওপর গুরুত্বারোপ। **ননন**

ঘ. **বণিক বার্তা :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা মুন্সিগঞ্জে অ্যাকটিভ ফার্মাসিউটিক্যাল ইনগ্রেডিয়েন্ট ও সিরাজগঞ্জের বিসিক শিল্পপার্ক এবং সাভারে ট্যানারি ইন্ডাস্ট্রিয়াল সিটি উদ্বোধন করায় স্বাগত জানিয়ে এতে করে স্থানীয় শিল্পায়ন প্রক্রিয়া আরও এগিয়ে যাবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **জনকণ্ঠ :** মোবাইলের মানসম্পন্ন সিম দেশেই তৈরি হওয়ায় সন্তোষ প্রকাশ করে এতে করে আমদানি নির্ভরতা কমায় আর্থিক সাশ্রয় হচ্ছে বলে মন্তব্য।

চ. **ডেইলি সান :** অর্থনৈতিক উন্নয়নে দেশের চাহিদা মিটিয়ে বিভিন্ন পণ্য বিদেশে রপ্তানির ওপর গুরুত্বারোপ।

ছ. **নিউজ টুডে :** বিভিন্ন শিল্প-কারখানা স্থাপনের সময় পরিবেশ যাতে দূষিত না হয় সে ব্যাপারে নজর দেওয়ার পরামর্শ।

জ. **ইন্ডিপেনডেন্ট :** শিশুশ্রম বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

উপসম্পাদকীয়

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানের স্বার্থে সরকারকে কঠোর হাতে আইনশৃঙ্খলার অবনতি ঠেকাতে হবে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **'উন্নয়ন ভাবনায় পর্যটন শিল্পের গুরুত্ব'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে পর্যটন শিল্প বাংলাদেশের জন্য অন্যতম গুরুত্বপূর্ণ মাধ্যম হয়ে উঠতে পারে।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা